

সি. সজ্জা  
০৪/০৭/২২  
০৪.০৭.২২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.৪৫.১৬.২০২২-৫৯৮

তারিখ: ৩১/০৮/২০২২ খ্রি.

বিষয়: জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে বিষয় নির্ধারণের জন্য শিক্ষকদের তথ্য হালনাগাদকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক এর সাহায্যে শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। নতুন শিক্ষাক্রমে ব্যাপক পরিবর্তন হয়েছে। শিক্ষাক্রম বাস্তবায়নের জন্য শিক্ষকদের বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণ প্রদানের পূর্বে নতুন শিক্ষাক্রম অনুযায়ী মাধ্যমিক পর্যায়ে পাঠদানরত শিক্ষকদের বিষয় নির্ধারণ করা প্রয়োজন। জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে মাধ্যমিক পর্যায়ে পাঠদানরত শিক্ষকদের বিষয় নির্ধারণ করে শিক্ষকদের ডাটাবেজ হালনাগাদ করার জন্য www.emis.gov.bd ওয়েবসাইটে এ NCF নামে একটি মডিউল করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে) www.emis.gov.bd ওয়েবসাইটে লগ-ইন করে জাতীয় শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিষয় নির্ধারণ করতে পারবেন। যে সকল নন এমপিও শিক্ষক রেজিস্ট্রেশন করেননি তাদেরকে রেজিস্ট্রেশন করে বিষয় নির্ধারণ করতে হবে। বিষয় নির্ধারণ এবং ডাটাবেজ হালনাগাদ সংক্রান্ত দুইটি পৃথক গাইডলাইন পত্র সাথে সংযুক্ত করা হয়েছে।

এঅবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে) কে আগামী ১০-০৯-২০২২ তারিখের মধ্যে সংযুক্ত গাইডলাইন অনুযায়ী www.emis.gov.bd ওয়েবসাইটে লগ-ইন করে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বিষয় নির্ধারণ কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিঃদ্র: বিষয়টি জাতীয় জরুরি এবং মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে (সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে) বাধ্যতামূলকভাবে বিষয় নির্ধারণ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

সংযুক্তি

১. বিষয় নির্ধারণ সংক্রান্ত গাইডলাইন
২. ডাটাবেজ হালনাগাদ সংক্রান্ত গাইডলাইন

স্বা/-  
(অধ্যাপক নেহাল আহমেদ)  
মহাপরিচালক

প্রতিষ্ঠান প্রধান

(মাধ্যমিক পর্যায়ের সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান যাদের ই.আই.আই.এন নম্বর আছে)

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.৪৫.১৬.২০২২-৫৯৮(১০)

তারিখ: ৩১/০৮/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
আলফাডাঙ্গা, ফরিদপুর।

স্মারক নং- উমাশিঅ/আলফা/ফরিদ/২০২২/১৭২২

তারিখ: ০৪/০৯/২০২২ খ্রি.

১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষক.....(সকল)।

পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২। সংরক্ষণ নথি।

০৪.০৯.২২  
(মোঃ আঃ আউয়াল আকন)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার  
আলফাডাঙ্গা, ফরিদপুর।